General Certificate of Education
June 2007
Advanced Level Examination

**BENGALI** **BEN2**
**Unit 2 Culture and Society**

Monday 11 June 2007 1.30 pm to 4.30 pm

| **For this paper you must have:** |
| --- |
| • a 12-page answer book. |

Time allowed: 3 hours

**Instructions**
- Use blue or black ink or ball-point pen.
- Write the information required on the front of your answer book.
- Answer **all** questions in Section 1 and **two** questions from Section 2.
- Please note that in Section 2 you are not allowed to answer both questions on the same topic.
- Answer in **Bengali**.
- Do all rough work in the answer book. Cross through any work you do not want to be marked.

**Information**
- The maximum mark for this paper is 100.
- The marks for questions are shown in brackets.
- You are reminded of the need for clear presentation.
- You must **not** use a dictionary at any time during this examination.
- This unit is divided into two sections:
  Section 1 – 20 marks
  Section 2 – 80 marks.

**Advice for Section 2**
- You are strongly advised to write a plan before beginning each answer.
- To obtain high marks you must give details and facts and express your own opinions/draw your own conclusions. At all times you should explain and justify your answers.

# ক বিভাগ

**নিচের লেখাটি পড়ে ১ নম্বর প্রশ্নের উত্তর দাও। উত্তর দেওয়ার সময় নিচের লেখা থেকে কোনো অংশ হুবহু নকল করবে না। পুরো বাক্যে উত্তর লেখার দরকার নেই, তবে উত্তরের জন্যে দরকারী তথ্য থাকতে হবে।**

## বাঙালি নারী

ব্রিটেনে সাম্প্রতিক কালে একাধিক জরিপে দেখা গেছে যে, মেয়েরা লেখাপড়ায় ছেলেদের থেকে ভালো ফলাফল করছে। কিন্তু আশ্চর্যের বিষয় হলো এক সময়ে মনে করা হতো যে, লেখাপড়া শেখার মতো মননশক্তি মেয়েদের নেই। সে জন্যে দীর্ঘকাল পর্যন্ত মেয়েদের উচ্চশিক্ষার অধিকার ছিলো না। অক্সফোর্ড আর কেমব্রিজ বিশ্ববিদ্যালয় মেয়েদের পরীক্ষায় অংশ নেবার অধিকার দিয়েছে ১৯২০-এর দশকে। এ দিক দিয়ে কলকাতা বিশ্ববিদ্যালয় বরং এগিয়ে ছিলো। এই বিশ্ববিদ্যালয় মেয়েদের পরীক্ষায় অংশ নেওয়ার অধিকার দিয়েছিলো ১৮৭৮ সালে। তারপর ১৮৮৩ সালে চন্দ্রমুখী আর কাদম্বিনী নামে দুটি মেয়ে সমগ্র ব্রিটিশ সাম্রাজ্যের মধ্যে সবার আগে বিএ পাস করেছিলেন। তবে বাঙালি মেয়েদের মধ্যে লেখাপড়া ছড়িয়ে পড়তে তার পরও অনেক বছর লেগেছিলো। এখনও শিক্ষার হারে মেয়েরা ছেলেদের থেকে পিছিয়ে আছে। তার একটা কারণ তাদের খুব কম বয়সে বিয়ে হয়ে যায়। আর-একটা কারণ, অনেক বাবা-মা ভাবেন যে, মেয়েদের খুব বেশি লেখাপড়া শিখিয়ে কোনো লাভ নেই। কারণ, বিয়ের পর তারা স্বামীর বাড়িতে চলে যাবে এবং চাকরিও করবে না। অনেকে আবার মনে করে যে, মেয়েদের বেশি লেখাপড়া শেখালে তারা স্বামী এবং অন্যদের অবাধ্য হবে। এমন একটা সময় ছিলো যখন, অনেকে এ-ও মনে করতো যে, লেখাপড়া শিখলে মেয়েরা বিধবা হবে এবং সংসারের অমঙ্গল হবে।

গত পঞ্চাশ-ষাট বছরে বাঙালি মহিলাদের খুবই উন্নতি হয়েছে – আগের তুলনায়। বিশ শতকের প্রথম দিকে তাঁরা লেখাপড়া শিখতেন, ভালো বিয়ে হবে বলে। কিন্তু লেখাপড়া শিখেও তাঁরা চাকরি করতেন না। চাকরি করলে সমাজ ভালো চোখে দেখতো না। এখন কিন্তু পাস করে মহিলারা বাড়িতে বসে থাকেন না। কেবল শিক্ষকতা নয়, অনেকে বড়ো বড়ো সরকারী চাকরি করছেন, জাজ-ব্যারিস্টার হচ্ছেন, বিমান চালাচ্ছেন, ডাক্তারি করছেন। এমন কি, অনেক মহিলা এখন ব্যবসা করছেন বা সেনাবাহিনীতে যোগ দিচ্ছেন।

এক সময় মেয়েদের ভোটাধিকারও ছিলো না। অথচ পশ্চিম বাংলা এবং বাংলাদেশ – উভয় জায়গার মহিলারা এখন রাজনীতি করছেন। অনেকে পার্লামেন্টের সদস্য হয়েছেন। কেউ কেউ মন্ত্রীও হয়েছেন। বাংলাদেশে দুজন মহিলা তো প্রধানমন্ত্রী হয়েছেন। এক সময়ে শাড়ি পরে মহিলারা থাকতেন ঘোমটা আর পর্দার আড়ালে। পরিবারের সিদ্ধান্ত নেওয়ার অধিকারও তাঁদের ছিলো না। বলতে গেলে সমাজে তাঁদের কোনো ভূমিকাই ছিলো না। এখন তাঁরা সারা দেশের লোকেদের হয়ে সিদ্ধান্ত নিচ্ছেন। ভাবলে অবাক হতে হয়, তাই না!

সত্যি বলতে কি, একদিন বাঙালি মহিলাদের মনে করা হতো লজ্জায় অবনত মৃদুভাষী নারী হিশেবে; কিন্তু তাঁদের সেই শাড়ি-পরা ভাবমূর্তি এখন বদলে গেছে। এখন তাঁরা লজ্জায় নুয়ে পড়েন না। চুপ করে থাকেন না। লাগলে জোর গলায় প্রতিবাদ করেন। সংসারে, সমাজে, উৎপাদন ব্যবস্থায় – সর্বত্র তাঁরা সক্রিয় ভূমিকা পালন করেন।

১ সংক্ষেপে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:

| | |
|---|---|
| ক. মেয়েরা উচ্চশিক্ষার ক্ষেত্রে অতো দেরিতে এসেছেন কেন? | ১ |
| খ. আগের যুগে মেয়েদের লেখাপড়া শেখানো হতো না কেন? দুটি কারণ লেখো। | ২ |
| গ. বাঙালি মহিলারা এখন কি কি কাজ করছেন? দুটি বিষয় লেখো। | ২ |
| ঘ. বাঙালি মহিলারা এমন কি কাজ করছেন, যা ভাবলে অবাক হতে হয়? | ১ |
| ঙ. দেশ পরিচালনায় মহিলারা কিভাবে ভূমিকা পালন করছেন? দুটি বিষয় লেখো। | ২ |
| চ. আগেকার মহিলাদের ভাবমূর্তি কেমন ছিলো? একটি বৈশিষ্ট্য উল্লেখ করো। | ১ |
| ছ. সমাজে বর্তমান কালের মহিলাদের ভূমিকা কিভাবে আলাদা? | ১ |

২. নিচের লেখাটি বাংলায় অনুবাদ করো: ১০

The first Bengali woman to have written an autobiography was Rassundari Debi. She was born in 1810. In those days women were not supposed to have any literacy. Popular belief was that literacy would make women disobedient to their husbands and in-laws; and even cause widowhood. Rassundari, therefore, received no formal education. However, she saw boys learning how to read and write. Talented as she was, she soon learnt how to read. She never disclosed this secret to anybody. When she was about fifty-five, one of her sons was being educated in Calcutta. He insisted that she write letters to him. It compelled Rassundari to learn how to write. A few years later, she lost her husband and became lonely. It was at this stage of her life that she decided to write her autobiography. It was an extraordinary decision, because no Bengali – man or woman – had written any autobiography till then.

নিচের দুই বিভাগ থেকে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ইচ্ছা করলে তুমি এক বিভাগ থেকেও দুটি প্রশ্নের উত্তর দিতে পারো। প্রতিটি উত্তর অন্তত ২৫০টি শব্দে লিখতে হবে।
প্রতিটি প্রশ্নের জন্যে ৪০ মার্ক। দুটি প্রশ্নের জন্যে মোট মার্ক ২X৪০ = ৮০

## খ বিভাগ

(সাহিত্যের সঙ্গে যুক্ত নয়, এমন প্রসঙ্গ)

### বাংলাদেশের উদ্ভব

৩ (ক) পাকিস্তান গঠিত হওয়ার মাত্র চব্বিশ বছর পরে পূর্ব পাকিস্তান স্বাধীন বাংলাদেশে পরিণত হয়। এই অসাধারণ পরিবর্তন কিভাবে সম্ভব হয়েছিলো? তার সংক্ষিপ্ত ইতিহাস লেখো। বাংলাদেশের লোকেরা পশ্চিম পাকিস্তান থেকে আলাদা হয়ে গেলেন কেন?

অথবা

(খ) বাংলাদেশ স্বাধীন হয়েছিলো বাঙালি জাতীয়তাবাদী আন্দোলনের ফলে। কিন্তু এখন বাংলাদেশী জাতীয়তাবাদ বলেও একটা কথা শোনা যায়। এই দুয়ের মধ্যে পার্থক্য কি? বুঝিয়ে লেখো।

### বাংলা সিনেমা ও গান

৪. (ক) বাংলা সিনেমায় সত্যজিৎ রায়ের অবদান – এ বিষয়ে একটি প্রবন্ধ লেখো। প্রসঙ্গত তাঁর কমপক্ষে দুটি চলচ্চিত্রের উল্লেখ করো।

অথবা

(খ) রবীন্দ্রসঙ্গীত সম্পর্কে একটি তথ্যপূর্ণ প্রবন্ধ লেখো। প্রসঙ্গত রবীন্দ্রসঙ্গীত তোমার কেমন লাগে সে সম্পর্কে কারণ দেখিয়ে মন্তব্য করো।

### ব্রিটেনে বাঙালি

৫. (ক) সাম্প্রতিক একটি জরিপে বলা হয়েছে যে, বাঙালিরা চাকরি-বাকরি এবং ব্যবসায় অন্য সম্প্রদায়ের তুলনায় পিছিয়ে আছে? এর কারণ দেখিয়ে এ বিষয়ে একটি প্রবন্ধ লেখো।

অথবা

(খ) বাঙালি তরুণ-তরুণীরা দেশী এবং ব্রিটিশ সংস্কৃতির মাঝখানে পড়ে নানা সমস্যার মুখোমুখী হয়। কয়েকটি দৃষ্টান্ত দিয়ে এ বিষয়ে একটি তথ্যপূর্ণ প্রবন্ধ লেখো।

Turn over ▶

## গ বিভাগ

(সাহিত্যবিষয়ক প্রসঙ্গ)

### বাংলাদেশ এবং পশ্চিম বাংলার উপন্যাস

৬. (ক) তুমি যেসব উপন্যাস পড়েছো, তার চরিত্রগুলোর মধ্যে কোনটি তোমার মনকে সবচেয়ে স্পর্শ করেছে? এই চরিত্রটি তোমার কেন ভালো লেগেছে সে সম্পর্কে মন্তব্য করে এই চরিত্রের পরিচয় দাও।

**অথবা**

(খ) তোমার প্রিয় উপন্যাস-লেখক কে? তাঁর কোন কোন উপন্যাস পড়েছো এবং তাঁর উপন্যাস তোমার কেন ভালো লাগে, সে সম্পর্কে মন্তব্য করে একটি প্রবন্ধ লেখো।

### বাংলা কবিতা ও নাটক

৭. (ক) তোমার প্রিয় কবির পরিচয় দিয়ে একটি প্রবন্ধ লেখো। তাঁর কবিতা উদ্ধৃত করে তাঁর কাব্যের সৌন্দর্য ব্যাখ্যা করো।

**অথবা**

(খ) তোমার দেখা একটি বাংলা নাটকের সমালোচনা (রিভিউ) লেখো। প্রসঙ্গত এ নাটকের কাহিনী, চরিত্র এবং বৈশিষ্ট্য সম্পর্কে উল্লেখ করো।

### বাংলা প্রবন্ধ সাহিত্য

৮. (ক) তুমি কোন প্রবন্ধ লেখকের লেখা পড়তে পছন্দ করো? তাঁর লেখা কেন ভালো লাগে সে সম্পর্কে কারণ দেখিয়ে একটি প্রবন্ধ লেখো।

**অথবা**

(খ) গল্প-উপন্যাসের সঙ্গে প্রবন্ধের পার্থক্য কি? প্রবন্ধের প্রধান বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে এ বিষয়ে একটি প্রবন্ধ লেখো।

**END OF QUESTIONS**

Copyright © 2007 AQA and its licensors. All rights reserved.